ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপ-কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ আনিস মাহমুদ, যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ ঃ ০৪/০৮/২০১৬ খ্রিঃ
সময় ঃ সকাল ০৯:৩০ ঘটিকা
স্থান ঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই বিগত ১৩/০৭/২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। অতঃপর ২০১৬-১৭ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কে সভায় অবহিত করার পর নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	শিল্প কারখানা ও বহুতল ভবন পরিদর্শন এবং মোবাইল কোর্ট পরিচালনা	গত সভার সিদ্ধান্ত অনুযায়ী অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এর আওতায় শিল্প কারখানা ও বহুতল ভবনসমূহে অগ্নি প্রতিরোধ নিশ্চিত করে চলতি মাসে ঢাকা মহানগরীর প্রত্যেক জোনে কমপক্ষে একটি করে মোবাইল কোর্ট পরিচালনার উদ্যোগ নিতে হবে।	সহকারী পরিচালক (ঢাকা)
০২	আইটি বিষয়ে প্রশিক্ষণ	অধিদপ্তরের কর্মকর্তাদের জন্য প্রত্যেক কর্মদিবসে অফিস সময়ের পর আইটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
০৩	সিটিজেন চার্টার হালনাগাদকরণ	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সিটিজেন চার্টার বিগত সভায় গঠিত কমিটি ১০ দিনের মধ্যে হালনাগাদকরণ নিশ্চিত করবেন।	সিনিয়র স্টেশন অফিসার, রিফর্ম সেল
০৪	জনবল মঞ্জুরী, নিয়োগ বিধি সংশোধন, অর্গানোগ্রাম ও টিওএন্ডই হালনাগাদকরণ	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জনবল মঞ্জুরী, নিয়োগ বিধি সংশোধন, অর্গানোগ্রাম ও টিওএন্ডই হালনাগাদকরণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে।	সহাকারী পরিচালক (পরিকল্পনা কোষ)
০৫	জঙ্গিবাদের কুফল, দুর্নীতি প্রতিরোধ, নৈতিকতা বিষয়ে প্রশিক্ষণ	জঙ্গিবাদের কুফল সম্পর্কে একটি বুকলেট তৈরী করে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে ব্যবহার করতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
০৬	অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন- ২০০৩ সংশোধন	অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন- ২০০৩ হালনাগাদের সুপারিশ প্রণয়নের জন্য বিগত সভায় গঠিত কমিটির কার্যক্রম জোরদার করতে হবে।	জনাব বদিউজ্জামান অধ্যক্ষ, টিসি
০৭	জাতীয় শুদ্ধাচার কৌশলের প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	২০১৬-১৭ অর্থ বছরে নৈতিকতা কমিটির মাসিক সভা ও অংশীজনের অংশগ্রহণে ৪টি সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
০৮	জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সচেতনতা বৃদ্ধি	জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সচেতনতা বৃদ্ধিকল্পে ৬টি সভা ও ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
০৯	নিয়োগ বিধিমালা- ১৯৯৯ সংশোধন	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের "কর্মকর্তা ও কর্মচারী (বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৯" সংশোধনের কার্যক্রম জোরদার করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
১০	অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা-২০১৪ সংশোধন	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা-২০১৪ সংশোধনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে।	সহকারী পরিচালক (ওয়্যাঃহাঃ ও ফাঃপ্রিঃ)

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১১	ফায়ার সার্ভিস পুরস্কার প্রদান বিধিমালা সংশোধন	The Bangladesh Fire Service Medal Regulations, 1983 সংশোধনের কাজ গুরুত্বের সাথে এগিয়ে নিতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
১২	শুদ্ধাচার পুরস্কার প্রদান	উর্ধ্বতন কর্মকর্তা ও অফিসের কর্মচারীগণসহ সংশ্লিষ্ট সকলের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের (২০১৫-২০১৬) বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
১৩	অনলাইন রেসপন্স সিস্টেম চালু	নিয়োগসহ সংশ্লিস্ট সকল কার্যক্রমে অনলাইন রেসপন্স সিস্টেম চালুর উদ্যোগ নিতে হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা কোষ)
১৪	ভিডিও কনফারেন্স	মহাপরিচালক মহোদয়ের দপ্তরে যে ভিডিও কনফারেন্স সিস্টেম আছে তা ভবিষ্যতে আরো বিস্তৃত ও উন্নত করতে হবে। সভা-সেমিনারসহ অন্যান্য আনুষ্ঠানিক কার্যক্রমে ভিডিও কনফারেন্স জোরদার করতে হবে।	সহকারী পরিচালক (অপারেশন)
১৫	ই-টেন্ডার	মালামাল ক্রয়ের ক্ষেত্রে সকল পর্যায়ে ই-টেন্ডার দ্রুত চালু করতে হবে।	উপ-পরিচালক (পরিকল্পনা কোষ) এবং সহকারী পরিচালক (ক্রয় ও স্টোর)
১৬	অনলাইনে সেবা প্রদান	২০১৬-১৭ অর্থ বছরের মধ্যে অনলাইনে সেবা প্রদানের ক্ষেত্রে অন্তত দুটি সেবা অনলাইন রূপান্তরকরণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে বহুতল ভবনের ছাড়পত্র এবং ফায়ার লাইসেন্স অন্তর্ভুক্ত করতে হবে।	সহকারী পরিচালক (ওঃহাঃ ও ফাঃপ্রিঃ)
১৭	ই-ফাইলিং	ভবিষ্যতে সকল দাপ্তরিক নথি-পত্র ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করার উদ্দেশ্যে ২৮ ফেব্রুয়ারি ২০১৭ এর মধ্যে প্রস্তুতি ও কার্যক্রম গ্রহণের জন্য নিম্ন বর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে একটি উপকমিটি গঠন করা হল: (১) সহকারী পরিচালক (প্রশিক্ষণ)- আহ্বায়ক। (২) সিনিয়র স্টেশন অফিসার, রিফর্ম সেল - সদস্য। (৩) স্টোর অফিসার- সদস্য। (৪) জনাব মোঃ হিরন মিয়া, ওয়্যারহাউজ ইন্সপেক্টর- সদস্য। (৫) জনাব মোঃ তারিকুল ইসলাম, ওয়্যারহাউজ ইন্সপেক্টর- সদস্য। (৬) জনাব মোঃ সিফাত হোসেন, স্টেশন অফিসার- সদস্য। (৭)জনাব মোঃ রকিবুল হাসান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক- সদস্য।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
১৮	ইনোভেশন	a2i কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাদের মাধ্যমে ইনোভেশন কার্যক্রম জোরদার করতে হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা কোষ)
১৯	অডিট কমিটির সভা	২০১৬-১৭ অর্থবছরের অডিট কমিটির ন্যূনতম ৪টি সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
২০	ভলান্টিয়ার প্রশিক্ষণ	বিভিন্ন দুর্যোগ সফলভাবে মোকাবেলার লক্ষ্যে ২০১৬-১৭ অর্থবছরে ২০০০ জন কমিউনিটি ভলান্টিয়ার তৈরির উদ্দেশ্যে অধিদপ্তরের অর্থায়নে প্রশিক্ষনের উদ্যোগ নিতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
২১	বাজেট বরাদ্দ	শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
২২	পরিবীক্ষণ কার্যক্রম	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পরিবীক্ষণ প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২৩	দুর্ঘটনায় সাড়া দান	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অগ্নিকান্ড ও অন্যান্য দূর্ঘটনায় দ্রুততার সাথে ১০০% সাড়া দান নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (অপারেশন)
২৪	প্রাথমিক চিকিৎসা ও এ্যাম্বুলেন্স সার্ভিস	২০১৬-১৭ অর্থ বছরে দুর্ঘটনা কবলিত ৮০০০ ব্যক্তিকে প্রাথমিক চিকিৎসা প্রদান এবং ৯৮৫০ ব্যক্তিকে এ্যাম্বুলেন্স সার্ভিস প্রদানের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে। জরুরী সেবা দানের জন্য প্যারামেডিক তৈরির উদ্দেশ্যে ৮টি বিভাগ হতে ৫ জন করে ৪০ জন ফায়ারম্যান নিয়ে একটি প্যারামেডিক কোর্স চালু করার উদ্যোগ নিতে হবে।	উপ-পরিচালক (অপাঃ ও মেইনঃ) ও সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
২৫	অগ্নি ও দূর্ঘটনা প্রতিরোধ মূলক মহড়া এবং মৌলিক প্রশিক্ষণ	২০১৬-১৭ অর্থবছরে ৪৩০০টি অগ্নি ও দূর্ঘটনা প্রতিরোধমূলক মহড়া এবং ৭৫০০০ জনকে মৌলিক প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	উপ-পরিচালক (অপাঃ ও মেইনঃ)
২৬	ফায়ার মাশুল ও বহুতল ভবনের ছাড়পত্র প্রদান এবং ফি আদায়	২০১৬-১৭ অর্থ বছরে ১০৭০০ টি ফায়ার লাইসেন্স ও ২৭০ টি বহুতল/বাণিজ্যিক ভবনের ছাড়পত্র ইস্যু এবং ১০ কোটি টাকা ফি আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের উদ্যোগ নিতে হবে।	সহকারী পরিচালক (ওয়্যাঃ হাঃ ও ফাঃপ্রিঃ)
২৭	সক্ষমতা বৃদ্ধিকরণে উন্নতর প্রশিক্ষণ	২০১৬-১৭ অর্থ বছরে সক্ষমতা বৃদ্ধিকরণে ২২০ জনকে উচ্চতর প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
২৮	পদোন্নতি	ফায়ারম্যান থেকে লিডার পদে পদোন্নতি দেওয়ার সময় যোগ্যতা ও দক্ষতার বিষয়টি নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
২৯	সদস্য কো-অপ্টকরণ	অধিদপ্তরের হিসাব রক্ষণ কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা হল।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

স্বাঃ—
আনিস মাহমুদ
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৪৪.০৬.০০০০.০০২.৯৯.০১৪.৮৮১১(৩৮) তারিখঃ ১৪ আগস্ট ২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলঃ

১। যুগ্মসচিব, অগ্নি অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃউঃপ্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩। উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পরিকল্পনা কোষ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
৪। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৬। সহকারী পরিচালক (ক্রয় ও স্টোর/প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/প্রশিক্ষণ/ওয়াঃ হাঃ ও ফাঃ প্রিঃ/পরিকল্পনা কোষ)।
৭। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৮। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (জোন-১/২/৩/৪)।
৯। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০। জনাব ---।
১১। আইসিটি সেল, এ অধিদপ্তর। উক্ত কার্যবিবরণী ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।

১৪/৮/১৬
মোঃ ফরিদ উদ্দিন
উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)
ফোনঃ ৯৫৫৭৫৭৯